



চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি -২  
বাবুরহাট, চাঁদপুর।



যোগাযোগ:  
টেলিফোন: ০৮৪১-৬৫১১১ (অফিস)  
ই-মেইল: chandpurpbs2@gmail.com  
ওয়েবসাইট: pbs2.chandpur.gov.bd

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০২.০০৯.২৪. ৩৬২৭

তারিখ: ১০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৩ এপ্রিল ২০২৪ খ্রিঃ

**“নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”**

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিম্নবর্ণিত পিকআপ গাড়ীটি ‘গাড়ীর কাগজাদিসহ যেখানে যে অবস্থায় আছে’ ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/এজেন্টের নিকট হতে সাদা কাগজে/প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেডপ্যাডে বিস্তারিত ঠিকানা, (মোবাইল নম্বর) ও স্বাক্ষর সম্বলিত সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে:


ক্রঃ নং	যানবাহনের বিবরণ	রেজিস্ট্রেশন নম্বর	অরিজিন	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	যানবাহনের মালিকানা ও অবস্থান
০১	সিঙ্গেল কেবিন পিকআপ মডেল নং-ইসুজু ২০০৩ সিসি-২১৯৮ চেসিস নং- JAATFS30H37100080 ইঞ্জিন নং- 017792	চাঁদপুর-ম- ১১-০০২২	জাপান	০১ টি			চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর।

**শর্তাবলী:**

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ৩০/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, নিকুঞ্জ, খিলক্ষেত-১২২৯, ঢাকা অথবা চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বাবুরহাট, চাঁদপুর এই ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। ডাকযোগে এবং নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ একই দপ্তরে (দরপত্র দাখিলকৃত দপ্তরে) একই তারিখ অর্থাৎ ৩০/০৪/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধির সামনে ( যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান যানবাহন ক্রয়ের জন্য নিলাম দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন। খামের উপর অবশ্যই “পিকআপ গাড়ীর নিলাম দরপত্র” কথাটি এবং দরদাতার পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।
- ০৩। দরদাতাকে মোট উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) হারে আর্নেস্টম্যানি হিসাবে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। প্রযোজ্য আর্নেস্টম্যানি ব্যতীত নিলাম দরপত্র/দরপত্রসমূহ কোনভাবেই গ্রহণযোগ্য হবে না এবং তা বাতিল বলে গণ্য হবে।
- ০৪। উল্লিখিত পিকআপ গাড়ী আগামী ২৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে পরিদর্শন করা যাবে।
- ০৫। সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত কালেকশনের পর মালামাল হস্তান্তর সংক্রান্ত বিষয়ে বিক্রয়াদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্যসহ উদ্ধৃত দরের উপর সর্বশেষ সরকারী নিয়মানুযায়ী উৎসে কর ও ভ্যাট এর অর্থ অত্র পবিসের অনুকূলে নগদ অথবা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (নগদায়ন হবার পর) আকারে পরিশোধ করে যানবাহন গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে প্রদত্ত আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করে বিক্রয়াদেশ বাতিল করা হবে।


০৬। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম দরের নিচে কোন দর বিবেচনা করা হবে না।

০৭। পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিলাম দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)  
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১) পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর
- ৩) পুলিশ সুপার, চাঁদপুর।
- ৪) মেয়র, .....পৌরসভা, চাঁদপুর।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
- ৭) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, .....পবিস ১/২/৩/৪।
- ৮) উপজেলা নির্বাহী কর্মকর্তা,.....উপজেলা, জেলা-চাঁদপুর।
- ৯) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/গণপূর্ত/এলজিইডি, চাঁদপুর।
- ১০) নির্বাহী প্রকৌশলী, ইউআরইডিএস/ডিসিএসডি, বাপবিবোর্ড, চাঁদপুর।
- ১১) ডিজিএম, কারিগরি/ফরিদগঞ্জ/মতলব দক্ষিণ/মতলব উত্তর জোঃ অঃ, চাঁদপুর পবিস-২।
- ১২) এজিএম (অর্থ/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), চাঁদপুর পবিস-২।
- ১৩) এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
- ১৪) এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২। (বিজ্ঞপ্তি ই-মেইলে প্রেরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতসহ প্রমাণক সংরক্ষণ করবেন)
- ১৫) নোটিশ বোর্ড/অফিস কপি/মাষ্টার কপি।

  
(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)  
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

4